



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/18/2021

গভর্নর ক্যাথি হোকল

## গভর্নর হোকল টেরিল ব্রাউনকে জয়েন্ট কমিশন অন পাবলিক এথিক্সে নিয়োগ দিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল আজ টেরিল ব্রাউনকে জয়েন্ট কমিশন অন পাবলিক এথিক্সে (Joint Commission on Public Ethics) কাজ করার জন্য নিয়োগ করেছেন এই নিয়োগের মাধ্যমে, গভর্নর হোকল কমিশনের সব দীর্ঘ দিন ধরে শূন্য পদগুলি পূরণ করলেন।

"সরকারের প্রতি আস্থা পুনঃপ্রতিষ্ঠা করতে, আমাদের শক্তিশালী, স্বতন্ত্র নৈতিকতা তত্ত্বাবধায়ক থাকার উচিত," **গভর্নর হোকল বলেন।** "টেরিল ব্রাউন উচ্চ যোগ্যতা সম্পন্ন, সম্মানিত এবং নৈতিক দিক থেকে ত্রুটিহীন, এবং আমি আমাদের স্টেটকে সেবা প্রদান করতে তাকে নিয়োগ দিতে পেরে গর্বিত।"

**টেরিল ব্রাউনকে** কমিশনে নিয়োগ দেওয়া হয়েছে। মিস ব্রাউন বর্তমানে নিউ ইয়র্ক সিটি ফায়ার ডিপার্টমেন্টের (Fire Department of New York City) লিগ্যাল অ্যাফ্যায়ার্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন (Legal Affairs and Administration) এর ডেপুটি কমিশনারের চিফ লিগ্যাল কাউন্সেল হিসাবে কর্মরত আছেন। তিনি নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority, NYPA) এর এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং জেনারেল কাউন্সেল হিসাবে দায়িত্ব পালন করা প্রথম নারী। তিনি নিউ ইয়র্কের দুইজন গভর্নর এবং নিউ ইয়র্কের তিন জন অ্যাটর্নি জেনারেলের অধীনে কাজ করেছেন, গভর্নরের ভারপ্রাপ্ত কাউন্সেল, গভর্নরের ফার্স্ট অ্যাসিস্ট্যান্ট কাউন্সেল এবং অ্যাটর্নি জেনারেলের কাউন্সেল এবং চিফ এথিক্স অফিসার হিসাবে দায়িত্ব পালন করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418